

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০৫(আগরতলা, ১০।০২)

উদয়পুর, ১০ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন : গোমতী জেলায়

৩২৪ জন মাইক্রো অবজারভার নিযুক্ত

আসন্ন বিধানসভা নির্বাচনে গোমতী জেলায় ৭টি বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য ৩২৪ জন মাইক্রো অবজারভার নিযুক্ত করা হয়েছে। এর মধ্যে ৩০-বাগমা (এস টি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য ৫৫ জন, ৩১-রাধাকিশোরপুর বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য ৪১ জন, ৩২-মাতাবাড়ী নির্বাচনী ক্ষেত্রের জন্য ৪৫ জন, ৩৩-কাকড়াবন শালগড়া (এস সি) নির্বাচনী ক্ষেত্রের জন্য ৪৬ জন, ৪১-অম্পিনগর (এস টি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের জন্য ৫০ জন, ৪২-অমরপুর নির্বাচনী ক্ষেত্রের জন্য ৪৩ জন এবং ৪৩-করবুক (এস টি) নির্বাচনী ক্ষেত্রের জন্য ৪৪ জন মাইক্রো অবজারভার নিযুক্ত করা হয়েছে। ভোটের কাজে নিযুক্ত সমস্ত মাইক্রো অবজারভারদের আগামী ১৫ ফেব্রুয়ারী সকাল ১১টায় জেলা পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রে (গকুলপুর) প্রশিক্ষণ দেওয়া হবে। সংশ্লিষ্ট সকল মাইক্রো অবজারভারদের ঐ দিন নির্দিষ্ট সময়ে উপস্থিত থাকার জন্য জেলা নির্বাচন নিবন্ধন আধিকারিক তথা জেলা শাসক এক বিজ্ঞপ্তিতে অনুরোধ জানিয়েছেন। এছাড়া ভোটের কাজে নিযুক্ত সমস্ত মাইক্রো অবজারভারগণ আগামী ১৪ ফেব্রুয়ারী সকাল ১০টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত উদয়পুর কে বি আই ইনস্টিটিউটে পোষ্টাল ব্যালটে ভোটদান করবেন।
